বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি
(An Enterprise of Bangladesh Power Development Board)
কোম্পানি সচিব এর দপ্তর
প্রধান কার্যালয়: বিদ্যুৎ ভবন, হেতেম খাঁ, রাজশাহী-৬০০০
www.nesco.gov.bd

**বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হোন**

স্মারক নং- ২৭.২৯.০০০০.০৮২.০০৬.১২৪.২৫.১৮৯ তারিখঃ ২৭.০৭.২০২৫ খ্রি.

বিষয়ঃ নেসকোর পরিচালনা পর্ষদের ২০৭তম (১৫/২০২৫)সভার সংশ্লিষ্টাংশ প্রেরণ।

নেসকোর পরিচালনা পর্ষদের ২০৭তম (১৫/২০২৫) সভার সংশ্লিষ্টাংশ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের নিমিত্ত এ সাথে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

মোসা: ইসমত আরা
কোম্পানি সচিব

নির্বাহী পরিচালক, প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন, নেসকো

স্মারক নং- ২৭.২৯.০০০০.০৮২.০০৬.১২৪.২৫.১৮৯ তারিখঃ ২৭.০৭.২০২৫ খ্রি.

**অনুলিপি: (সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো)**

১। ব্যবস্থাপনা পরিচালক, নেসকো এবং
২। অফিস কপি।

মোসা: ইসমত আরা
কোম্পানি সচিব

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি
(An Enterprise of Bangladesh Power Development Board)
কোম্পানি সচিব এর দপ্তর
প্রধান কার্যালয়: বিদ্যুৎ ভবন, হেতেম খাঁ, রাজশাহী-৬০০০
www.nesco.gov.bd

NESCO

**বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হোন**

স্মারক নং- ২৭.২৯.০০০০.০৮২.০০৬.১২০.২৫.১৮৪ তারিখঃ ২৭.০৬.২০২৫ খ্রি.

## নেসকো'র পরিচালনা পর্ষদ এর ২০৭তম (১৫/২০২৫) সভার কার্যবিবরণী

**সভাপতি** : মোহাম্মদ ইউসুফ, সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় ও চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ
**স্থান** : বিদ্যুৎ ভবন, কক্ষ-১১১৬, লেভেল-১০, ১ আব্দুল গণি রোড, ঢাকা- ১০০০
**তারিখ** : ২৪.০৭.২০২৫, বৃহস্পতিবার
**সময়** : বিকাল ০৫:০০ ঘটিকা
**উপস্থিতি** : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য কোম্পানি সচিবকে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে কোম্পানি সচিব সভার আলোচ্যসূচিসমূহ উপস্থাপন করেন।

**সভায় উপস্থিত পরিচালনা পর্ষদের পরিচালকবৃন্দ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জনাব মোহাম্মদ ইউসুফ, সিনিয়র সচিব, নৌপরিবহণ মন্ত্রণালয়;
২। ড. মোহাম্মদ আমজাদ হোসেন, যুগ্মসচিব, বিদ্যুৎ বিভাগ, বিজ্বাখস মন্ত্রণালয়;
৩। জনাব অঞ্জনা খান মজলিশ, সদস্য (অর্থ), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড;
৪। জনাব মো: আমিনুল হক, সদস্য (প্রশাসন), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড;
৫। জনাব এ,জে,এম এরশাদ আহসান হাবিব, যুগ্মসচিব, বিদ্যুৎ বিভাগ, বিজ্বাখস মন্ত্রণালয়;
৬। জনাব মোঃ মাহবুবুর রহমান, সাবেক যুগ্মসচিব, বিদ্যুৎ বিভাগ, বিজ্বাখস মন্ত্রণালয়;
৭। জনাব আ. ন. ম. ওবায়দুল্লাহ, সদস্য (কোম্পানি এ্যাফেয়ার্স), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড;
৮। জনাব মোঃ ফিরোজ হাসান, উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়;
৯। জনাব সাইফুল ইসলাম, মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), বিজ্বাখস মন্ত্রণালয়;
১০। ড. খালেদ হামিদ চৌধুরী, সিনিয়র অ্যাডভোকেট, সুপ্রিম কোর্ট অফ বাংলাদেশ;
১১। ড. মো: শহীদ উজ জামান, প্রফেসর, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট;
১২। জনাব মাহবুব হোসেন শহীদ, সোশ্যাল এক্টিভিস্ট;
১৩। নির্বাহী পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন), নেসকো
১৪। প্রকল্প পরিচালক, নেসকো এলাকায় স্মার্ট ডিস্ট্রিবিউশন সিস্টেম বাস্তবায়ন প্রকল্প এবং
১৫। প্রকল্প পরিচালক, রাজশাহী ও রংপুর বিভাগে নেসকোর আওতাধীন এলাকায় স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপন প্রকল্প।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য কোম্পানি সচিবকে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে কোম্পানি সচিব সভার আলোচ্যসূচিসমূহ উপস্থাপন করেন।

## আলোচ্যসূচিঃ ০৫

***নেসকো'র খসড়া 'বদলি ও পদায়ন নীতিমালা, ২০২৫' বিষয়ে এ্যাডমিনিস্ট্রেটিভ এ্যাফেয়ার্স কমিটির সুপারিশ অনুমোদন প্রসঙ্গে;***

**উপস্থাপনকারীঃ** জনাব মোঃ সাইফুর রহমান, নির্বাহী পরিচালক, প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন, নেসকো।

**আলোচনাঃ**

নির্বাহী পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন), নেসকো সভাকে অবহিত করেন যে, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো)-এর কর্মকর্তা/কর্মচারীদের প্রশাসনিক ও ব্যবস্থাপনাগত কারণে চাকরি কালীন বদলি ও পদায়ন আবশ্যক। বিশেষত, উপযুক্ত কর্মীকে যথাস্থানে পদস্থ করা এবং বদলি ও পদায়ন সংক্রান্ত কাজে শৃঙ্খলা রক্ষা করার নিমিত্ত এ বিষয়ক নীতিমালা প্রণয়ন

করা অপরিহার্য। তবে নেসকোতে এতদসংক্রান্ত কোনো সমন্বিত নীতিমালা না থাকায় একটি সুস্পষ্ট দিকনির্দেশনার প্রয়োজনীয়তা অনুভূত হয়। তৎপ্রেক্ষিতে, একটি সুষ্ঠু, স্বচ্ছ ও কার্যকর বদলি ও পদায়ন ব্যবস্থা প্রণয়নের লক্ষ্যে গত ২৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. তারিখে নেসকোর নির্বাহী পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন) কে আহ্বায়ক করে নেসকোর সকল কোরের কর্মকর্তাদের সমন্বয়ে একটি ০৭ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

কমিটি গত ২৪ মার্চ ২০২৫ খ্রি. অনুষ্ঠিত ১ম সভায় বিদ্যুৎ বিভাগের আওতাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের বিদ্যমান বদলি ও পদায়ন নীতিমালা পর্যালোচনা করে। উপর্যুক্ত নীতিমালাসমূহ পর্যালোচনা করে কমিটি নেসকোর জন্য উপযুক্ত 'বদলি ও পদায়ন নীতিমালা-২০২৫' এর খসড়া প্রস্তুত করে। পরবর্তীতে কমিটি খসড়া নীতিমালাটির বিষয়ে নেসকোর সর্বস্তরের ইমপ্লয়িদের (প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়সহ) সুপারিশসমূহ পর্যালোচনা ও তার যৌক্তিকতা বিশ্লেষণ করে গত ০৬ মে ২০২৫ খ্রি. কমিটির ২য় সভায় সার্বিক বিষয়ের সাথে সঙ্গতি রেখে নেসকোর জন্য বদলি ও পদায়ন নীতিমালা-২০২৫ এর খসড়াটি চূড়ান্ত করে। নেসকোর অভ্যন্তরীণ কমিটি কর্তৃক প্রস্তুতকৃত খসড়া বদলি ও পদায়ন নীতিমালা-২০২৫ পর্যালোচনার নিমিত্ত গত ২৫/০৫/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৭২তম এ্যাডমিনিস্ট্রেটিভ এ্যাফেয়ার্স কমিটির সভায় উপস্থাপন করা হলে প্রস্তুতকৃত 'খসড়া বদলি ও পদায়ন নীতিমালা-২০২৫' অধিকতর পর্যালোচনার নিমিত্ত পরবর্তী এ্যাডমিনিস্ট্রেটিভ এ্যাফেয়ার্স কমিটির সভায় উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়। বিষয়টি বিগত ১৭/০৬/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত এ্যাডমিনিস্ট্রেটিভ এ্যাফেয়ার্স কমিটির ৭৩তম সভায় উপস্থাপন করা হলে নেসকোর বদলি ও পদায়ন নীতিমালা প্রণয়ন কমিটি কর্তৃক প্রস্তুতকৃত খসড়া বদলি ও পদায়ন নীতিমালা-২০২৫ পর্যালোচনাপূর্বক অনুমোদনের নিমিত্ত পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপনের সুপারিশ করা হয়। সর্বশেষ বিষয়টি বিগত ২৯/০৬/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত নেসকো পরিচালনা পর্ষদের ২০৫ তম সভায় উপস্থাপন করা হলে নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো)-এর প্রস্তাবিত বদলি ও পদায়ন নীতিমালা-২০২৫ অধিকতর পর্যালোচনার নিমিত্ত পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর সভায় নেসকো'র বদলি ও পদায়ন নীতিমালা-২০২৫ এর খসড়া অনুমোদনের নিমিত্ত উপস্থাপন করা হয়। সভায় উপর্যুক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় কিছু সংশোধনীসহ নেসকো'র বদলি ও পদায়ন নীতিমালা-২০২৫ এর খসড়া অনুমোদনের বিষয়ে সম্মানিত সদস্যগণ একমত পোষণ করেন।

অতঃপর সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**সিদ্ধান্তঃ**

**নেসকো'র বদলি ও পদায়ন নীতিমালা-২০২৫ (পরিশিষ্ট-'গ') অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো।**

| | |
|---|---|
| স্বাক্ষরিত/- | স্বাক্ষরিত/- |
| মোসা: ইসমত আরা, বিপিএএ | মোহাম্মদ ইউসুফ |
| কোম্পানি সচিব | চেয়ারম্যান, নেসকো |

স্মারক নং- ২৭.২৯.০০০০.০৮২.০০৬.১২০.২৫.১৮৪ তারিখঃ ২৭.০৬.২০২৫ খ্রি.

**অনুলিপি: (সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো)**

১। ব্যবস্থাপনা পরিচালক, নেসকো;

২। নির্বাহী পরিচালক, প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন, নেসকো [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো];

৩। অফিস কপি।

মোসা: ইসমত আরা

কোম্পানি সচিব

**পরিশিষ্ট-'গ': নেসকোর বদলি ও পদায়ন নীতিমালা-২০২৫**

## বিষয়: নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো)-এর বদলি ও পদায়ন নীতিমালা, ২০২৫।

**মুখবন্ধ:** নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো)-এর ইমপ্লয়িদের প্রশাসনিক ও ব্যবস্থাপনাগত কারণে চাকরিকালীন বদলি ও পদায়নের প্রয়োজনীয়তা দেখা দেয়। তবে এ বিষয়ক কোনো সমন্বিত নীতিমালা না থাকায় একটি সুস্পষ্ট দিকনির্দেশনার প্রয়োজনীয়তা অনুভূত হয়। সেই প্রেক্ষিতে একটি সুষ্ঠু, স্বচ্ছ ও কার্যকর বদলি ও পদায়ন ব্যবস্থা প্রণয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত নীতিমালা প্রণয়ন করা হলো।

**১। শিরোনাম:** এ নীতিমালা "নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো)-এর বদলি ও পদায়ন নীতিমালা, ২০২৫" নামে অভিহিত হবে।

**২। কার্যকারিতা:** এ নীতিমালা নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো)-এর বোর্ড/পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদনের তারিখ হতে কার্যকর হিসেবে গণ্য হবে।

**৩। সংজ্ঞা:** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে এ নীতিমালায় -

(ক) কোম্পানি: কোম্পানি বলতে নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো) কে বুঝাবে।

(খ) ইমপ্লয়ি: নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো)-এর চাকরি বিধিমতে সকল স্থায়ী পদের বিপরীতে কর্মরত সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীকে বুঝাবে।

(গ) কর্তৃপক্ষ: বদলি ও পদায়নের জন্য নেসকো'র বোর্ড/পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত ক্ষমতাপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন)-কে বুঝাবে।

(ঘ) প্রধান কার্যালয়: নেসকো'র চাকরি বিধিমতে বর্ণিত সদর দপ্তরকেই বুঝাবে।

(ঙ) নিয়ন্ত্রণকারী কর্মকর্তা: নেসকো'র বোর্ড/পরিচালনা পর্ষদ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে বুঝাবে।

(চ) বদলি ও পদায়ন: নেসকো'র চাকরি বিধিমতে কর্মকর্তা বা কর্মচারীর এক কর্মস্থল/দপ্তর হতে অন্য কর্মস্থল/দপ্তরে বা একই দপ্তরের অধীনে এক পদ হতে অন্য পদে পদায়ন/বদলিকে বুঝাবে।

(ছ) বদলিযোগ্য পদ: নেসকো'র বোর্ড/পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত জনবল সেটআপে একই কোরভুক্ত কারিগরি বা অকারিগরি (সম-স্কেলভুক্ত) পদসমূহ বদলিযোগ্য পদ হিসেবে বিবেচিত হবে।

(জ) যোগদানকাল: নেসকো'র অনুমোদিত চাকরি বিধিমতে সরাসরি নিয়োগ প্রক্রিয়ায় চাকরিতে যোগদান; পদোন্নতিজনিত কারণে নতুন পদে যোগদান এবং বদলিজনিত কারণে এক কর্মস্থল হতে অন্য কর্মস্থলে যোগদানের নির্ধারিত সময়কে বুঝাবে।
(ঝ) কোর: যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত একটি স্বতন্ত্র কার্যকরী সেবা ক্ষেত্র (প্রশাসন, অর্থ, আইসিটি, টেকনিক্যাল ইত্যাদি) কে বুঝাবে।

**৪। বদলি ও পদায়নের সাধারণ শর্তাবলি:**

(ক) সাধারণভাবে একজন ইমপ্লয়ির একই কর্মস্থলে কর্মকাল হবে ০৩ (তিন) বছর। বিশেষ প্রয়োজন না হলে, কোন ইমপ্লয়ি কোন পদে পদায়নের তিন বছরের পূর্বে বদলির জন্য বিবেচিত হবেন না।
(খ) সরাসরি নিয়োগ প্রক্রিয়ায় নিয়োগপ্রাপ্ত ইমপ্লয়িদের প্রথম পদায়নের ক্ষেত্রে তাদেরকে নিজ জেলার বাইরে ও যথাসম্ভব মাঠপর্যায়ে পদায়ন করা হবে। সাধারণত: প্রথম পদায়নের পরবর্তী ০২ (দুই) বছরের মধ্যে তাদের বদলির আবেদন বিবেচিত হবে না।

(গ) কর্মরত ইমপ্লয়িদের একই বছরে একাধিকবার এক কর্মস্থল হতে অন্য কর্মস্থলে বদলি করা সমীচীন হবেনা। কর্তৃপক্ষ সকল দিক বিবেচনা করে একজন কর্মকর্তা বা কর্মচারীকে বদলি করবেন। এজন্য সর্বদা প্রতিষ্ঠানের স্বার্থকে অগ্রাধিকার দিতে হবে।

(ঘ) বদলি ও পদায়ন নীতিমালার শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে কোন ইমপ্লয়ির আবেদনের প্রেক্ষিতে তাকে তার প্রার্থিত স্থানে পদ শূন্য থাকা সাপেক্ষে বদলি করা যেতে পারে। এক্ষেত্রে আবেদনকারীকে পৃথকভাবে চাকরির বিবরণী সংযুক্ত করত যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

(ঙ) কোন ইমপ্লয়ির আবেদনের প্রেক্ষিতে প্রার্থীত স্থানে বদলি বা পদায়নের পরবর্তী ০৩ (তিন) বছরের মধ্যে এবং পদোন্নতি উত্তর বদলি/পদায়নের পরবর্তী ০২ (দুই) বছরের মধ্যে পুনঃবদলির আবেদন বিবেচিত হবে না। আবেদনের মাধ্যমে প্রত্যাশিত স্থানে বদলির ক্ষেত্রে বদলিজনিত কোনো প্রকার আর্থিক সুবিধাদি (ভ্রমণ ভাতা, পরিবহণ ভাতা ইত্যাদি) প্রাপ্য হবেন না।

(চ) প্রতিষ্ঠানের জন্য অত্যাবশ্যক না হলে এবং সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে অনুপুযুক্ত বা অক্ষম না হলে সংশ্লিষ্ট ইমপ্লয়ির আবেদন ব্যতীত অবসর গ্রহণের ০১ (এক) বছরের কম সময় অবশিষ্ট থাকার ক্ষেত্রে অন্য দপ্তর বা কর্মস্থলে বদলি করা সমীচীন হবে না।

(ছ) সাধারণত যে সকল ইমপ্লয়ির স্বামী/স্ত্রী (গণ) রাষ্ট্র মালিকাধীন কোম্পানি/ সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানে কর্মরত আছেন তাদেরকে নতুন কর্মস্থলে বদলির ক্ষেত্রে স্বামী-স্ত্রী উভয়ের উপযোগী পদ আছে এমন স্থানে উভয়কে একই সময়ে বদলির জন্য বিবেচনা করা যাবে। তা সম্ভব না হলে অগ্রাধিকার ভিত্তিতে নিকটবর্তী কোন দপ্তরে বদলির বিষয়ে বিবেচনা করা যেতে পারে।

(জ) কারিগরি ইমপ্লয়িদের (ইলেকট্রিশিয়ান, ফোরম্যান, লাইনম্যান, সাহায্যকারী, এসএসএ/এসবিএ, কেবল জয়েন্টার ইত্যাদি) পদোন্নতি উত্তর দপ্তর/কর্মস্থল পুনঃবন্টনের বিষয় কোম্পানির স্বার্থে বিবেচনা করতে হবে।

(ঝ) বদলিকৃত ইমপ্লয়ি কোন তারিখের মধ্যে বর্তমান কর্মস্থল ত্যাগ করে নতুন কর্মস্থলে যোগদান করবেন এবং একই সাথে সমপদের একাধিক ইমপ্লয়িকে একই আদেশে বদলির ক্ষেত্রে কে আগে বদলিকৃত দপ্তরে যোগদান করবেন তা বদলি আদেশে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। বর্ণিত তারিখের মধ্যে বর্তমান কর্মস্থল হতে ছাড়পত্র প্রদান করা না হলে উক্ত তারিখের পর সংশ্লিষ্ট বদলি আদেশটি তাৎক্ষণিক ছাড়পত্র হিসেবে বিবেচিত হবে।

(ঞ) প্রতিষ্ঠানের মাঠ পর্যায়ের কাজের তদারকি ও গতিশীলতার স্বার্থে প্রত্যেক ইমপ্লয়ির (পদ থাকা সাপেক্ষে) মাঠের অভিজ্ঞতা অর্জন এবং মাঠের পাশাপাশি সদর দপ্তরে অবস্থিত তার জন্য প্রযোজ্য অন্যান্য দপ্তরের কাজের অভিজ্ঞতা অর্জন নিশ্চিত করা যাবে-এমনভাবে বদলি করতে হবে।

(ট) এক কোরের ইমপ্লয়িকে অন্য কোরের কোন পদে বদলি/পদায়ন করা যাবে না।

(ঠ) বিভাগীয়/জেলা সদরে বদলি/পদায়নের ক্ষেত্রে পদ থাকা সাপেক্ষে ইতোপূর্বে যেসকল ইমপ্লয়ি উপজেলা/দূরবর্তী স্থানে পদায়িত ছিলেন তাদের অগ্রাধিকার প্রদানের বিষয় বিবেচিত হবে।

(ড) সকল ইমপ্লয়ি এ নীতিমালার আলোকে কোম্পানির অধিক্ষেত্রে যে কোন স্থানে অবস্থিত স্থায়ী বা অস্থায়ী দপ্তর/স্থানে কাজ করতে বাধ্য থাকবেন।

(ঢ) প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলী/উপ-বিভাগীয় প্রকৌশলী পদে পদায়নের ক্ষেত্রে অব্যবহিত নিচের পদে পরিচালন ও সংরক্ষণ সার্কেল/ বিক্রয় ও বিতরণ বিভাগ/ইলেকট্রিসিটি সাপ্লাই ইউনিটে ন্যূনতম ২ (দুই) বছরের অভিজ্ঞতা আছে এমন ইমপ্লয়িদের অগ্রাধিকার প্রদান করা হবে।

(ণ) প্রতিষ্ঠানের স্বার্থে যে কোন ইমপ্লয়িকে কোম্পানির অধিক্ষেত্রের যে কোন স্থানে যে কোন সময়ে বদলি করা যাবে। প্রতিষ্ঠানের সকল পর্যায়ের বদলি/পদায়ন শুধুমাত্র প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন দপ্তর হতে জারিকৃত অফিস আদেশের মাধ্যমে কার্যকর হবে।

**৫। বদলির ক্ষেত্রে প্রযোজ্য বিশেষ বিধানাবলী:**

(ক) বিশেষায়িত কোন বিষয়ের উপরে নিবিড় প্রশিক্ষণপ্রাপ্ত একজন কর্মকর্তাকে তার শিক্ষাগত যোগ্যতা, চাকরির অভিজ্ঞতা এবং প্রশিক্ষণলব্ধ জ্ঞান বাস্তবায়নের বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করে পদায়ন করা যেতে পারে।

(খ) প্রকল্পের দায়িত্বে নিয়োজিত প্রকল্প পরিচালক/উপ-প্রকল্প পরিচালক এবং ইমপ্লয়িদের ক্ষেত্রে সম্পূর্ণ প্রকল্প মেয়াদে পদায়ন করা সমীচীন। তবে, প্রশাসনিক/শৃঙ্খলাজনিত কারণে পরিস্থিতির উদ্ভব হলে কর্তৃপক্ষ এ বিধানের ব্যতিক্রম করে বদলি করতে পারবেন।

(গ) একই দপ্তর/প্রকল্প/শাখার সকল ইমপ্লয়িকে বিশেষ কারণ ব্যতিরেকে একসাথে বদলি করা যাবে না।

**৬। নীতিমালা পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন:**

নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো)-এর এর সুষ্ঠু কর্মী ব্যবস্থাপনার প্রয়োজনে নেসকো'র বোর্ড/পরিচালনা পর্ষদ এ নীতিমালায় বিধৃত বিষয়সমূহে প্রয়োজনীয় পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করতে পারবেন।

**৭। প্রযোজ্যতা:**

বিদ্যমান অন্য কোন আইনে ভিন্নরূপ কোন নির্দেশনা না থাকলে এ নীতিমালা বদলি ও পদায়নজনিত সকল ক্ষেত্রে প্রযোজ্য হবে। এছাড়া এই নীতিমালার ভাষা প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রমিতকরণ করা যেতে পারে।

মোসাঃ ইসমত আরা
কোম্পানি সচিব
নেসকো পিএলসি